গাজীপুরে পুলিশের গাড়িতে আগুন, মহাসড়ক অবরোধ শ্রমিকদের



ছবি: সংগৃহীত

গাজীপুর মহানগর পুলিশের একটি গাড়িতে আগুন দিয়েছেন আন্দোলনকারীরা। বুধবার (১৮ নভেম্বর) সকাল সাড়ে ১০টার দিকে মহানগরীর ছয়দানা এলাকায় সাবেক মেয়র জাহাঙ্গীর আলমের বাড়ির সামনে এ ঘটনা ঘটে।

চৌরাস্তা মডার্ন ফায়ার সার্ভিসের ইন্সপেক্টর রাজিব হোসেন জানান, খবর পেয়ে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে যায়। পরে আগুন নিয়ন্ত্রণে আনা হয়। গাড়িটি গাজীপুর মহানগর পুলিশের বলে নিশ্চিত করেন তিনি।

এদিকে সকাল থেকেই গাজীপুরের ভোগড়া বাইপাস, বাসন সড়ক, কলম্বিয়া, মালেকের বাড়ি ও ছয়দানা এলাকায় পোশাকশ্রমিকেরা সড়কে নেমে বিক্ষোভ শুরু করেন। একপর্যায়ে তাঁরা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করলে দুই দিকের যান চলাচল বন্ধ হয়ে যায়। এতে সড়কে আটকে পড়েন হাজারো যাত্রী।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা কাজ করছেন।